

মেডিকলে ভর্তির ফল প্রকাশ হতে পারে কাল বা পরশু

নিজস্ব বার্তা পরিবেশক

: শনিবার, ১০ ফেব্রুয়ারী ২০২৪



ডাক্তার হওয়ার স্বপ্ন নিয়ে পরীক্ষা দেয়া মেডিকেল ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ হতে পারে আগামীকাল রবিবার অথবা পরেরদিন সোমবার।

আজ শনিবার স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. মো. টিটু মিঞা এ সম্ভবনার কথা জানান।

টিটু মিঞা বলেন, আমরা সাধারণত এক-দুইদিনের মধ্যে ফলাফল দিয়ে দিই। পরীক্ষা হয়েছে একদিন হল। আমরা রেজাল্ট পাবলিশ করার জন্য কাজ করছি। আগামীকাল (রোববার) আর্লিয়েস্ট সম্ভাবনা আছে রেজাল্ট পাবলিশ হওয়ার। কাল বিকালে নইলে পরশুদিন ফলাফল প্রকাশ করা হবে।

গত শুক্রবার মেডিকেল কলেজগুলোর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। দেশের ১৯ কেন্দ্রের ৪৪ স্থানে এবারের এমবিবিএস ভর্তি পরীক্ষা শুরু হয় শুক্রবার সকালে। ৩৭টি সরকারি মেডিকেল

কলেজে ৫ হাজার ৩৮০টি আসন এবং বেসরকারি পর্যায়ে অনুমোদিত ৬৭টি মেডিকেল কলেজে মোট ৬ হাজার ২৯৫টি আসনের বিপরীতে এবার ১ লাখ ৪ হাজার ৩৭৪ জন ভর্তিচ্ছু আবেদন করেছেন।